

WBPS MAINS

Full Marks - 20

Time Allowed - 20 Minutes

PAPER - BENGALI

The figures in the margin indicate marks for each question.

Do not write your name, address etc. anywhere inside the answer book. Write X, Y, Z if necessary.

13. নীচের গद्याংশটির मूल वक्तव्य निजेर भाषाय संक्षेपे लिखुनः

crackEx

মানুষ গল্প শুনতে ভালোবাসে, পড়তে লিখতে জানা আধুনিক পৃথিবী গল্প উপন্যাসে ছেয়ে গেছে। কিন্তু ইতিহাস এসব মনোরঞ্জকদের দলে নয়। তার লক্ষ্য উঁচু। অতীতের কাহিনি সে বলে বটে-সমস্ত রকম মিথ্যা রাগ-বিরাগ কল্পনার খাদমুক্ত অতীতের খাঁটি সত্য। কিন্তু সত্য কথা বলাই ইতিহাসের কাজ নয়, যদিও গল্প সত্য হলে লোকের তাতে বেশি অনুরাগ। লোকে ভূতের গল্পেও সত্য ভূতের গল্প শুনতে চায়, কারণ গল্প বলাটা ইতিহাসের উপলক্ষ্য নয়, উপার মাত্র। ইতিহাসের মূল লক্ষ্য হচ্ছে অতীতের আলোতে বর্তমানের পথ দেখানো, সমাজ ও গোষ্ঠীর চলাচলের পথ ও বিপথ দেখিয়ে মানুষকে সাবধান করা। তত্ত্বদর্শী জ্ঞানীরা যেসব উপদেশ করেছেন তাঁদের উপদেশের বাস্তব রূপ দেখা যায় ইতিহাসে। সমাজ ও সভ্যতার অভ্যুদয় ও পতনের বন্ধুর পথে মানুষের যাত্রা। শেষের দিগ্দর্শন হচ্ছে ইতিহাস।